JUN 18 2002

# যে জাতি যত শিক্ষিত সে জাতি তত উন্নত।



# মা! মা!! মাগো....

## তোমার সন্তানদের তুমি মানুষের মত মানুষ হিসেবে গড়ে তোল।

**মা-মাগো...**ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণকে তুমি আরো সচেতন করো, তাঁরা যেন তাঁদের সন্তানদেরকে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানোর সাথে সাথে বাড়ীতে যাতে পাঠে-মনোযোগী হয় সে লক্ষ্যে প্রতিদিন অন্ততঃ ৪/৫ ঘন্টা লেখাপড়া নিশ্চিত করেন।

**মা-মাগো...**তোমার সন্তানদের মধ্যে যাদের এখনো ভোট দেয়ার বয়স হয়নি (অনূর্ধ্ব ১৮) তারা যেন রাজনীতি না করে, তাদের রাজনীতি থেকে বিরত রাখো।

**মা...**শিক্ষকতায় নিয়োজিত তোমার সন্তানদেরকে তুমি আদেশ করো তাঁরা যেন শ্রেণী কক্ষে শিক্ষাদান ও লেখাপড়া আদায়ের বিষয় আরও গুরুত্ব দেন।

**মা-মা-মাগো...**তোমার সন্তানদের মধ্যে যাঁরা শিক্ষকতার মত একটি মহান পেশায় নিয়োজিত, তাঁরা যেন রাজনীতি না করেন, তুমি তাঁদেরকে উপদেশ দাও।

**মাগো...**জাতিকে সুশিক্ষায় শিক্ষিত করতে হবে। যে শিক্ষা মনুষ্যত্বের বিকাশ ঘটায়, সে শিক্ষাই যেন আমরা পাই। তবেই তো সামাজিক অবক্ষয় রোধ করা সম্ভব। সুশিক্ষিত জাতি গঠনে আমাদেরকে দোয়া করো।

**মা...**তোমার সন্তানদের মধ্যে যাঁরা সরকারের উচ্চ পর্যায়ে আছেন, তাঁরা যেন শিক্ষাক্ষেত্রের বিপর্যয় রোধে সঠিক ভূমিকা পালন করতে পারেন, তাদেরকে তুমি দোয়া করো।

**মা-মা-মাগো...**শিক্ষাক্ষেত্রের বিপর্যয় রোধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে তুমি আমাদেরকে দোয়া করো।




**মিয়া আবদুল্লাহ ওয়াজেদ**
সাবেক সংসদ সদস্য
ও
আহ্বায়ক
**শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলন**
প্রধান কার্যালয় ঃ এ-১৮, হাটখোলা রোড, ঢাকা-১২০৩


**বিশেষ দ্রষ্টব্য ঃ** সম্মানিত শিক্ষানুরাগীদের প্রতি আকুল আবেদন, জাতিকে শিক্ষাক্ষেত্রের বিপর্যয় থেকে রক্ষা করতে, দেশের প্রতিটি থানায় ৩১ সদস্য ও প্রতিটি ইউনিয়নে ২১ সদস্য বিশিষ্ট থানা এবং ইউনিয়ন আহবায়ক কমিটি গঠনে এগিয়ে আসুন। ইতিমধ্যে যে সকল থানায় কমিটি গঠিত হয়েছে, সে সকল থানার আহবায়কদেরকে পার্শ্ববর্তী থানায় কমিটি গঠন সহ স্ব স্ব থানার প্রতিটি ইউনিয়নে কমিটি গঠনের প্রক্রিয়া চালু করার জন্য অনুরোধ করছি। বিস্তারিত জানার জন্য উপরোক্ত ঠিকানায় দয়া করে যোগাযোগ করুন এবং পোস্টার, লিফলেট ও যাবতীয় প্রচারপত্র সংগ্রহ পূর্বক কমিটি গঠনের মাধ্যমে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সবিনয় অনুরোধ করছি। ইনশাল্লাহ সকলের প্রচেষ্টায় শিক্ষাক্ষেত্রের বিপর্যয় রোধ করবোই। মিয়া আবদুল্লাহ ওয়াজেদ

সৌজন্যে ঃ মিল্লাত ফার্মাসিউটিক্যালস্ লিঃ